

কিছু ব্যবহারিক তথ্য

কোকেইন এবং ক্র্যাক

The facts about
Cocaine and Crack

FRANK

0800 77 66 00

এই নম্বরে এমন কিছু লোককে পাওয়া যাবে যারা আপনার
নিজের ভাষায় আপনার সঙ্গে কথা বলতে পারবে।

www.talktofrank.com

DrugScope

020 7928 1211

www.drugscope.org.uk

For additional copies, please
contact Prolog on 0870 2414680

Produced by the FRANK campaign in association
with DrugScope and funded by the Home Office.

BMECOMSB2

Bengali

লোকজনের উপরে কোকেইন ও ক্র্যাক-এর কি ধরনের প্রতিক্রিয়া হয় ?

এইসব মাদক পদার্থ লোকজনকে আরো বেশী উদ্যম ও কর্মশক্তি যোগায়। এইসব প্রতিক্রিয়া কয়েক মিনিট মাত্র স্থায়ী হয়। এই মাদক সেবনের অনুভূতি বজায় রাখার জন্য, লোকজনকে আরো কোকেইন বা ক্র্যাক সেবন করতে হয়। যে ব্যক্তি প্রচুর কোকেইন বা ক্র্যাক সেবন করে সে প্রতি সপ্তাহে £400 পাউন্ডও নেশা করার জন্য খরচ করতে পারে।

কোকেইন ও ক্র্যাক সেবনের ফলে একজন লোকের যে সব সমস্যা হতে পারে ✓

- বিনা কারণে উদ্ভিন্ন বোধ করা;
- এমন ধারণা হওয়া যে অন্যান্য লোকজন তার ক্ষতি করতে চায় কিংবা তাকে পছন্দ করে না;

- এমন মনে হওয়া যে প্রত্যেকেই তার বিরুদ্ধে;
- এইসব মাদক ছাড়া একটা দিনও কাটাতে না পারা।

কোকেইন ও ক্র্যাক সেবনের ফলে এইসব সমস্যাও হতে পারে ✓

- গুরুতর হৃদরোগজনিত সমস্যা;
- নাকের ক্ষতি (যদি একজন লোক নিঃশ্বাসের সঙ্গে কোকেইন টেনে নেয়);
- ফুসফুসের সমস্যা (যদি একজন লোক ক্র্যাক-এর ধোঁয়া সেবন করে);

- লোকজনকে রোগা ও অসুস্থ দেখায়;
- ইঞ্জেকশনের সাহায্যে নেওয়া হলে রক্তে বিষক্রিয়া, এইচআইভি/এইডস এবং হেপাটাইটিস।

কোকেইন ও ক্র্যাক দেখতে কেমন ?

কোকেইন একটা সাদা রঙের গুঁড়ো পদার্থ। ক্র্যাক একটা কিসমিসের আকারের ছোট একটা সাদা রঙের দানা।

লোকজন কিভাবে কোকেইন ও ক্র্যাক সেবন করে ?

কোকেইন নিঃশ্বাসের সঙ্গে নাক দিয়ে টেনে নেওয়া হয়। ক্র্যাক সেবন করা হয় ধূমপানের মতো করে। এই দুই মাদকই সূচ ও সিরিঞ্জ-এর সাহায্যে ইঞ্জেকশন করে নেওয়া যায়। একজন লোক যদি কোকেইন বা ক্র্যাক ইঞ্জেকশন নেয়, তাদের 'ওভারডোজ' (অতিরিক্ত মাত্রা) নেওয়ার সম্ভাবনা আরো বেশী থাকে।

কোকেইন ও ক্র্যাক-এর অন্যান্য নাম

কোকেইন চার্লী, কোক এবং স্নো নামেও পরিচিত।

ক্র্যাক হচ্ছে আরেক ধরনের কোকেইন। এটার অন্যান্য নাম হলো স্টোন, ওয়াশ্ এবং রক।

কোকেইন ও ক্র্যাক-এর দাম কত ?

এক গ্রাম পরিমাণ কোকেইন-এর দাম £40-£80 পাউন্ড। ক্র্যাক-এর একটা দানার দাম প্রায় £20 পাউন্ড, তবে কখনো কখনো এটাকে আরো ছোট টুকরা করে কেটে নেওয়া যায়।

এগুলি কি আইনসম্মত ?

না। আপনার সঙ্গে (যেমন আপনার পকেটে) অথবা আপনার বাড়িতে কোকেইন বা ক্র্যাক রাখা আইনবিরুদ্ধ। যে কোন লোকের কাছে কোকেইন বা ক্র্যাক বিক্রী করা বা সরবরাহ করাও বেআইনী, এমনকি বন্ধুবান্ধবকেও।

What do cocaine and crack do to people?

These drugs give people more energy and confidence. These effects only last for a few minutes. To keep the effects, people have to take more cocaine or crack. A person who takes a lot of cocaine or crack could spend £400 a week.

Cocaine and crack can make a person:

- worried for no reason;
- think other people want to hurt them or don't like them;
- think everyone is against them;
- unable to get through the day without these drugs.

Cocaine and crack can also cause:

- serious heart problems;
- damage to the nose (if a person sniffs cocaine);
- lung problems (if a person smokes crack);
- people to look thin and ill;
- blood poisoning, HIV/AIDS and hepatitis if people inject them.

What do cocaine and crack look like?

Cocaine is a white powder. Crack is a small white stone about the size of a raisin.

How do people take cocaine and crack?

Cocaine is sniffed up the nose. Crack is smoked. Both drugs can be injected with a needle and syringe. If a person injects cocaine or crack, they are more likely to 'overdose' (take too much).

Other names for cocaine and crack

Cocaine is also called charlie, coke and snow. Crack is another type of cocaine. It is also called stone, wash and rock.

How much do cocaine and crack cost?

Cocaine costs about £40-£80 for a gram. Crack costs about £20 for a rock but sometimes this can be cut into smaller parts.

Are they legal?

No. It is against the law to have cocaine or crack on you (for example, in your pockets) or in your house. It is also illegal to sell or give cocaine and crack to anyone, even friends.